

# 🗏 আন-নাযি'আত | An-Nazi'at | ٱلنَّازِعَات

আয়াতঃ ৭৯: ৩৪

## আরবি মূল আয়াত:

# فَاِذَا جَآءَتِ الطَّآمَّةُ الكُبرى ﴿٣٢﴾

#### 🗚 অনুবাদসমূহ:

অতঃপর যখন মহাপ্রলয় আসবে। — আল-বায়ান

অতঃপর যখন মহাসংকট এসে যাবে। — তাইসিরুল

অতঃপর যখন মহা সংকট উপস্থিত হবে, — মুজিবুর রহমান

But when there comes the greatest Overwhelming Calamity - — Sahih International

#### ৩৪. অতঃপর যখন মহাসংকট উপস্থিত হবে(১)

(১) এই মহাসংকট ও বিপর্যয় হচ্ছে কিয়ামত। এ-জন্য এখানে "আত-তাম্মাতুল কুবরা" শব্দ ব্যবহার করা হয়েছে। "তাম্মাহ" বলতে এমন ধরনের মহাবিপদ, বিপর্যয় ও সংকট বুঝায় যা সবকিছুর উপর ছেয়ে যায়। এরপর আবার তার সাথে "কুবরা" (মহা) শব্দ ব্যবহার করে একথা প্রকাশ করা হয়েছে যে সেই বিপদ, সংকট ও বিপর্যয় হবে অতি ভয়াবহ ও ব্যাপক। [দেখুন, কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

### ৩৪। অতঃপর যখন মহাসংকট (কিয়ামত) সমাগত হবে,

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5746

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন